

## কওমি পরীক্ষায় পাসের হার ৭৪.৬০ শতাংশ

নিজের প্রতিবেদক >

বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের (বেফাক) ৩৮তম কেন্দ্রীয় পরীক্ষার ফল গতকাল শনিবার প্রকাশ করা হয়েছে। পরীক্ষার সাতটি স্তরের গড় পাসের হার ৭৪.৬০ শতাংশ। প্রথম বিভাগে মোট পাস করেছে ১২ হাজার ৯২৫ জন ছাত্রছাত্রী। গতকাল সকালে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাওলানা মুফতি আবু ইউসুফ এ ফলের নথি বেফাকের মহাসচিব মাওলানা মুহাম্মাদ আবদুল জব্বার জাহানাবাদীর কাছে হস্তান্তর করেন। এরপর ফল ঘোষণা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেফাকের সহকারী মহাপরিচালক মাওলানা জুবায়ের আহমদ চৌধুরী, নির্বাহী সদস্য মুফতি ওমর ফারুক সন্দীপী, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক মাওলানা আব্দুল জলিল ফারুকী, মাওলানা আব্দুর রশিদ, মুফতি এস এম আব্দুল আজিজ, বেফাককর্মী ও নিরীক্ষক এবং ঢাকা ও বিভিন্ন জেলার মাদ্রাসার পরিচালক ও শিক্ষকরা। পরীক্ষার ফল বেফাকের ওয়েবসাইট [www.wifaqbd.org](http://www.wifaqbd.org)-এ পাওয়া যাচ্ছে।

বেফাকের ৩৮তম পরীক্ষায় সাতটি স্তরে ৭৩ হাজার ৬৪৮ জন (পুরুষ ৫১ হাজার ৬৫৬ ও নারী ২১ হাজার ৯৯২) পরীক্ষার্থী অংশ নেয়। কওমি মাদ্রাসার সর্বোচ্চ রাস তাকমীলে (স্নাতকোত্তর) পাসের হার ছাত্রদের ৮০.৩০ এবং ছাত্রীদের ৬৮.৩৫ শতাংশ। তাকমীলে মেধাতালিকার শীর্ষে আছেন নারায়ণগঞ্জের জালকুড়ির জামি'আ রাক্বানিয়া

আরাবিয়ার মুহাম্মাদ নুরুদ্দীন। দ্বিতীয় স্থান অধিকার করেছেন নারায়ণগঞ্জেরই ফতুল্লার জামি'আ আরাবিয়া দারুল উলুম দেওভোগের আতাউর রহমান। তাকমীলে বালিকা শাখায় মেধাতালিকায় প্রথম হয়েছেন ঢাকার আল মাদ্রাসা আল মাদানিয়া আল আরাবিয়ার (মিরপুর-১২) মহিলা মাদ্রাসা) রোকিয়া। দ্বিতীয় হয়েছেন কিশোরগঞ্জের ভৈরবের হালিশা সাদিয়া মহিলা মাদ্রাসার মোবাখিরা তাসনীম।

ফজিলত (স্নাতক) ছাত্রদের পাসের হার ৬৮.৯৯ এবং ছাত্রীদের ৬৫.৪৮ শতাংশ। সানাবিয়াহ উলিয়া (উচ্চ মাধ্যমিক) ছাত্রদের পাসের হার ৭১.৯০ এবং ছাত্রীদের ৬০.৭০। এ মেধাতালিকার শীর্ষে ঢাকার গুলশানের জামিয়াতুল উলুমিল ইসলামিয়ার মুহা ইব্রাহীম খলিল।

মুতাওয়্যাসসিতাহ (নিম্ন মাধ্যমিক) ছাত্রদের পাসের হার ৮১.৪৩, ছাত্রীদের ৭১.৪০। মেধাতালিকার শীর্ষে রয়েছে মাদারীপুরের জামিয়াতুল সুন্নাহ দক্ষিণকান্দি মাদ্রাসার মুহা. আল আশীম।

ইবতিদাইয়াহ (প্রাথমিক) ছাত্রদের পাসের হার ৬৮.৯৫ ও ছাত্রীদের ৫৯.৭৭। মেধাতালিকার শীর্ষে কুমিল্লার রাজাপুরের জামি'আ ইসলামিয়া মোহাম্মাদিয়ার মুহা. তাসনীম।

এ ছাড়া তাহফীযুল কোরআন ও ইলমুত তাজবীদ ওয়াল কিরামাত বিভাগের পাসের হার যথাক্রমে ৮৫.৭২ এবং ৭৭.৮৩ শতাংশ।